

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত ডায়াগনস্টিক এক্সরে এর উপর  
৫৮ তম RCO প্রশিক্ষণ কোর্স, ১৮-১৯ ডিসেম্বর ২০১৮ ইং এর প্রতিবেদন



আয়নাগকারী বিকিরণ সোর্স/যন্ত্রপাতি ব্যবহারকারীদেরকে সুষ্ঠুভাবে কর্মকাণ্ড পরিচালনার জন্য পানিবিধি বিধিমালা ১৯৯৭ অনুযায়ী প্রশিক্ষণের প্রয়োজন। দক্ষ বিশেষজ্ঞগণ বিকিরণ নিয়ন্ত্রণ কর্মসূচীর সাফল্যের মূল চালিকা শক্তি। বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা তেজস্ক্রিয় পদার্থ/সোর্স যন্ত্রপাতি ইত্যাদি ব্যবহারের সাথে জড়িত ঝুঁকি, আইনগত চাহিদা, এবং নিজের দায়িত্ব ইত্যাদি সম্পর্কে ওয়াকিবহাল থাকা প্রয়োজন।

১৮-১৯ ডিসেম্বর ২০১৮ইং তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবনের ক্লাসরুমে আরসিও-দের জন্য ডায়াগনস্টিক এক্সরে সংক্রান্ত একটি প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়। আরসিও প্রশিক্ষণ কোর্সটিতে বাংলাদেশের বিভিন্ন জেলা ও উপজেলার (ঢাকা, পোড়াখালী, মানিকগঞ্জ, বগুড়া, গাজীপুর, নাটোর, চাঁদপুর, চন্দ্রঘোনা, যশোর, চট্টগ্রাম, সিলেট, পিরোজপুর, মৌলভীবাজার, রাজবাড়ী, নরসিংদী, ফেনী, কিশোরগঞ্জ, ফরিদপুর) বিভিন্ন প্রতিষ্ঠান থেকে মোট ৩৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

উল্লেখ্য যে, বাপশনিক প্রতিষ্ঠার পর ২০১৩ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত ১১টি প্রশিক্ষণ কোর্সে মোট ৫০৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন এবং ২০১৪ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত ১৪টি প্রশিক্ষণ কোর্সে ৬৩৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৫ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত মোট ১৩টি প্রশিক্ষণ কোর্সে ৪১৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৬ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত ১৫ টি প্রশিক্ষণ কোর্সে ৫৭৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৭ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত ১২ টি প্রশিক্ষণ কোর্সে ৪৩২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৮ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত ১৩ টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। ২০১৮ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত প্রশিক্ষণ কোর্সে মোট ৪৩৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। বাপশনিক প্রতিষ্ঠার পর এ পর্যন্ত মোট ৭৮ টি উল্লেখিত প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সর্বমোট ৩০০৬ (তিন হাজার ছয়) জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন।

১২ই ফেব্রুয়ারী ২০১৩ হতে ৩১ডিসেম্বর ২০১৪ সময়কালে আরসিও পরীক্ষায় অংশগ্রহণ করেন মোট ৩৩৯ জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ২৯২ জন এবং ২০১৫ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত আরসিও পরীক্ষায় অংশ গ্রহণ করেন মোট ১৮১ জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ১৫৪ জন। ২০১৬ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত আরসিও পরীক্ষায় অংশ গ্রহণ করেন মোট ২৫০ জন এবং উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ২২২ জন। ২০১৭ সালের জানুয়ারি-ডিসেম্বর মাস পর্যন্ত আরসিও পরীক্ষায় অংশ গ্রহণ করেন মোট ১৯৬ জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ১৭০ জন। ২০১৮ সালের জানুয়ারি-নভেম্বর মাস পর্যন্ত আরসিও পরীক্ষায় অংশ গ্রহণ করেন মোট ২৩১ জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ২০২ জন।

উল্লেখ্য যে প্রশিক্ষণার্থীদের মতামতের আলোকে কোর্সের সামগ্রিক মান উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।